

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৩.০১.০০০.৮৩৯.০৭.০০৪.২১- ২০৬

তারিখঃ ২৭/০৪/২০২২খ্রিঃ

বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর আওতায় প্রকল্প এলাকায় সংযুক্ত সিইএগণের প্রকল্পের কার্যক্রম সম্পাদনের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরে বাস্তবায়নাধীন প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পে সংযুক্ত সিইএগণকে উপজেলা পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্ন বর্ণিত কার্যাদি সম্পাদনের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১। সংশ্লিষ্ট উপজেলায় বর্তমানে ঘাস চাষ করেন এমন সকল ঘাস চাষ খামারীর তালিকা সংগ্রহপূর্বক নিম্নের ছক মোতাবেক রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে।

উপজেলার নাম:

জেলার নাম:

ক্র. নং	ঘাসচাষ খামারীর নাম, ইউনিয়ন ও মোবাইল নম্বর	চাষকৃত ঘাসের নাম	ঘাস চাষকৃত জমির পরিমাণ (শতাংশ)	খামারে গবাদিপশুর সংখ্যা		খামারে দুধ উৎপাদন লি./দিন	সাইলেজ/হে প্রযুক্তি ব্যবহার করে কিনা	ঘাস বিক্রয় করে কিনা, করলে কেজি/মাস	মন্তব্য
				গাভী	অন্যান্য				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

২। সিইএ কর্তৃক খামারীদের ঘাস চাষে উদ্বুদ্ধ করে তাদের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক প্রস্তুতকরে রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে এবং প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে প্রকল্পের E-mail-andfcdls@gmail.com মেইলে প্রেরণ করতে হবে।

উপজেলার নাম:

জেলার নাম:

ক্র. নং	তারিখ	উদ্বুদ্ধকৃত ঘাসচাষ খামারীর নাম, ইউনিয়ন ও মোবাইল নম্বর	চাষকৃত ঘাসের নাম	ঘাস চাষকৃত জমির পরিমাণ (শতাংশ)	খামারে গবাদিপশুর সংখ্যা		খামারে দুধ উৎপাদন লি./দিন	উদ্বুদ্ধকৃত সাইলেজ/হে প্রযুক্তি গ্রহণকারীর নাম, ইউনিয়ন ও মোবাইল নম্বর	ঘাস বিক্রয় করে কিনা, করলে কেজি/মাস	মন্তব্য
					গাভী	অন্যান্য				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

৪। প্রতি ইউনিয়নে প্রশিক্ষণের জন্য ২০ জন খামারীর তালিকা তৈরী করতে হবে। এ ক্ষেত্রে প্রতি ইউনিয়নে ২০ জন খামারীর মধ্যে নির্বাচিত সুবিধাভোগী ৮ জন খামারী অন্তর্ভুক্ত থাকবেন।


৫। প্রশিক্ষণপ্রাপ্ত কমিউনিটি এক্সটেনশন এজেন্টগণ প্রশিক্ষণলব্ধ প্রযুক্তি খামারীদের হাতে-কলমে খামারীর বাড়ীতে গিয়ে শেখাবেন।

৬। উপজেলা পর্যায়ে খামারী প্রশিক্ষণের সময় প্রশিক্ষণ সংক্রান্ত সকল কার্যক্রমে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সহায়তা করবেন।

৭। কমিউনিটি এক্সটেনশন এজেন্টগণ নিজের জমিতে ১০ (দশ) শতক জায়গায় ঘাস চাষ করে অন্যান্য খামারীদের ঘাস চাষে উৎসাহিত করবেন।

৮। কমিউনিটি এক্সটেনশন এজেন্টগণ প্রতিটি উপজেলায় খামারীদের ঘাস চাষে উদ্বুদ্ধ করে ঘাস চাষের আওতা বৃদ্ধি এবং ঘাসের বাজার সৃষ্টির জন্য খামারীদের উৎসাহিত করবেন।

এমতাবস্থায়, আপনার উপজেলায় সংযুক্ত সিইএকে উল্লেখিত নির্দেশনাগুলি বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ আমজাদ হোসেন ডিএস
প্রকল্প পরিচালক

প্রানিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রানিসম্পদ অধিদপ্তর, ভবন-২, ৪র্থ তলা, ফার্মগেট, ঢাকা।
মোবাইল-০১৭০৯৮২৭৪০২
ই-মেইল-andfcdls@gmail.com

প্রাপক

উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা (৪৭৫জন)

সদয় অবগতি ও কাযার্থে অনুলিপিঃ

০১। মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য।

০২-০৩। পরিচালক প্রশাসন/সম্প্রসারণ প্রানিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

০৪-১১। পরিচালক, বিভাগীয় প্রানিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।

১২-৭৫। জেলা প্রানিসম্পদ কর্মকর্তা (৬৪ জন)।

৭৬। অফিস কপি।